

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাণিসম্পদ অধিদপ্তর

মানব সম্পদ উন্নয়ন শাখা

www.dls.gov.bd

২৪ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ

তারিখ: ৮ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০২.১৭.১২৪৯

বিষয়: ১ (এক) দিন বয়সী প্যারেন্টস্টক মুরগির বাচ্চা আমদানির অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: প্রতিটা চিকস লিমিটেড এর ১৫/০৭/২০২৪ খ্রি. তারিখের পত্র মোতাবেক।

সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে আপনাকে France হতে ০১ (এক) দিন বয়সী Hubbard Broiler Parent Stock জাতের ৪৪,৬১৯ (চুয়াল্লিশ হাজার ছয় শত উনিশ)টি মুরগির বাচ্চা নিম্নে বর্ণিত শর্তে আগামী ০৬/১১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে আমদানি করার জন্য অনুমতি প্রদান করা হলো (পি.আই নং- ৬০০০৭২৯৬৬ তারিখঃ ০৫/০৬/২০২৪; ৬০০০৭২৯৬৭ ও ৬০০০৭২৮৮৫ তারিখঃ ১৭/০৬/২০২৪):

শর্তসমূহঃ

- ১। অনুমোদিত সকল প্যারেন্ট স্টক মুরগির বাচ্চা “সংক্রামক” রোগমুক্ত এই মর্মে রপ্তানিকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করতঃ প্রত্যয়ন পত্র আমদানির সময় সঙ্গে প্রদান করতে হবে।
- ২। বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ৩(তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
- ৩। বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ৩ (তিন)টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরাদীন কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকাতে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। অনুমোদিত সকল প্যারেন্ট স্টক বিমান যোগে আমদানি করতে হবে এবং এভিয়ান ইনফ্লুয়েঞ্জা আক্রান্ত দেশের ট্রানজিট গ্রহন করা যাবে না।
- ৫। বাচ্চা আমদানির পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বাচ্চা আমদানির পর রপ্তানিকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এলসির কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। রপ্তানীকারক দেশে Notifiable AI দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা আমদানি করলে সকল দায় দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যে কোন সময় আমদানি অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবেন।
- ৯। সরকারি নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
- ১০। মুরগির বাচ্চা দেশে পৌঁছার কমপক্ষে ৭দিন পূর্বে কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকাকে অবহিত করতে হবে।

১১-০৮-২০২৪

ডাঃ মোঃ মাহবুবুল আলম ভূঞা
উপপরিচালক

এ জি এম, প্রতিটা চিকস লিমিটেড (খামার: পশ্চিম শুল্যাকিয়া, কালাদরাপ, নোয়াখালী সদর, নোয়াখালী, বাংলাদেশ)।

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০২.১৭.১২৪৯/১ (৭)

২৪ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ৮ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, চট্টগ্রাম;
- ২। কমিশনার অব কান্টমস, কান্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা;

- ৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা (রোগ নির্ণয় প্রতিবেদনের এক কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণকরার জন্য অনুরোধ করা হলো);
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নোয়াখালী (খামার পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো);
- ৫। অফিসার ইনচার্জ, ইনফরমেশন এন্ড আইটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৬। অফিসার ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা এবং
- ৭। অফিস কপি, ।



১১-০৮-২০২৪

ডাঃ মোঃ মাহবুবুল আলম ভূঞা
উপপরিচালক

সকল সংযুক্তিসমূহ:

- (১) সংশ্লিষ্ট সংযুক্তি সমূহ